দর্শনা হল্ট ষ্টেশনে সুন্দরবন আপ ও চিত্রা ডাউন স্টপেজের দাবিতে রেলপথ অবরোধ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা হল্ট ষ্টেশনে সুন্দরবন আপ ও চিত্রা ডাউন স্টপেজের দাবিতে রেলপথ অবরোধ করা হয়েছে।

বুধবার বেলা ১১টার দিকে দর্শনার জন্য আমরা সংগঠন এই অবরোধ করে। এ সময় দর্শনা হল্ট ষ্টেশনে খুলনা থেকে আসা রুপসা এক্সপ্রেস ট্রেন প্রায় আধাঘন্টা রেললাইনে অবরোধ করে রাখে স্থানীয় নেতৃবৃন্দ ছাত্র-ছাত্রীসহ সাধারণ মানুষ।

জানা গেছ, গত এক বছর ধরে দর্শনার জন্য আমরা সংগঠন দর্শনা হল্ট ষ্টেশনে ঢাকা গামী সুন্দরবন আপ ও চিত্রা ডাউনের যাত্রা বিরতি। দর্শনা পুরাতন আন্তর্জাতিক রেল স্টেশন থেকে ২ টি যাত্রীবাহী ট্রেন পুনঃচালু। দর্শনা হঠাৎ পড়া রেলগেট ও পুরাতন বাজার রেলগেটে উভরপাস অথবা আন্ডারপাস করা। দর্শনা রেল আন্তর্জাতিক রেলওয়ে ওয়াগেন টার্মিনাল স্থাপন সহ ৬ দফা দাবিতে করে আসছে।

অবরোধে বক্তব্য রাখেন দর্শনার জন্য আমরা সংগঠন আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের শিক্ষা বিষয়ক সম্পাদক ও বাংলাদেশ ইউপি চেয়ারম্যান এ্যাসোসিয়েশনের সভাপতি চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, দর্শনা প্রেসক্লাবের সভাপতি মোঃ আওয়াল হোসেন, সংগঠনের সদস্য ইমরুল কাইয়ুম, সাংস্কৃতিক সংগঠক একেএম রবিউল আলম, বীর মুক্তিযোদ্ধা আবুল বাশার, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, বীর মুক্তিযোদ্ধা আব্দুস সবুর, উদীচী চুয়াডাঙ্গার সভাপতি হাবিবি জহির রায়হান, দর্শনা গণ উন্নয়ন গ্রন্থাগারের সমন্বয়ক আবু সুফিয়ান, বাংলাদেশ জাসদের চুয়াডাঙ্গা জেলা সম্পাদক শামসুল আলম বক্তব্য রাখেন।

পরে ঘটনাস্থলে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা উপস্থিত হন। এসময় তিনি সুন্দরবন আপ ও চিত্রা ডাউন স্টপেজের বিষয়টি খুব দ্রুত কার্যকর হওয়ার আশ্বাস দিলে অবরোধ প্রত্যাহার করে নেতৃবৃন্দ।